যুগান্তর

তারিখ ... 
পৃষ্ঠা ... কলাম ...

25

# স্কুল-কলেজে গভর্নিং বডির চেয়ারম্যান মনোনয়ন দেবে শিক্ষা মন্ত্রণালয়

**যুগান্তর রিপোর্ট**

এখন থেকে বেসরকারি ইন্টারমিডিয়েট কলেজ এবং মাধ্যমিক স্কুল ও কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান মনোনয়নের ক্ষমতা শিক্ষা মন্ত্রণালয়কে দেয়া হয়েছে। এক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ক্ষমতা খর্ব করা হয়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, গভর্নিং বডির চেয়ারম্যান হিসাবে মনোনয়নের জন্য সংশ্লিষ্ট এলাকার এমপি, জেলা প্রশাসক, অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা, স্থানীয় বিশিষ্ট শিক্ষাবিদ ও স্থানীয় সমাজসেবকদের মধ্য থেকে কাউকে মনোনয়নের সুপারিশ করা যাবে। সংসদ সদস্যগণ নিজ এলাকার যেসব প্রতিষ্ঠানে নিজেরা চেয়ারম্যান হতে আগ্রহী সে সম্পর্কে তারা সংশ্লিষ্ট জেলার ভারপ্রাপ্ত

চেয়ারম্যান : পৃষ্ঠা ১০ কলাম ৫

## চেয়ারম্যান : স্কুল-কলেজ

(শেষ পৃষ্ঠার পর)

মন্ত্রী, প্রতিমন্ত্রী বা উপমন্ত্রীর মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে প্রস্তাব দেবেন।

জানা গেছে, এমপি কোন প্রতিষ্ঠানে চেয়ারম্যান পদ গ্রহণে অপারগ হলে তার এলাকার কলেজে জেলা প্রশাসক, অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা, স্থানীয় বিশিষ্ট শিক্ষাবিদ বা স্থানীয় সমাজসেবকদের মধ্য থেকে কাউকে চেয়ারম্যান করার জন্য শিক্ষামন্ত্রীর কাছে সুপারিশ করবেন। জানা গেছে, সরকারের অনুমোদন প্রাপ্তির পর নতুন চেয়ারম্যান শিক্ষা বোর্ডের সহযোগিতায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি পুনর্গঠন করবেন। এছাড়া সরকার প্রয়োজনবোধে জেলার দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীদের পরামর্শ নিয়ে যে কোন কলেজ বা উচ্চ মাধ্যমিক স্কুলে গভর্নিং বডির চেয়ারম্যান পদ পুনর্বিন্যাস করতে পারবে। এমনকি, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তরের মনোনীত সভাপতি পরিবর্তন করতে পারবে।